# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

**Office of the Executive Engineer**
Jashore O&M Division
BWDB, Karbala Road, Jashore
Phn : +8802477761437, Mob : 01318-235714
E-mail : xenjessorebwdb@gmail.com

**নির্বাহী প্রকৌশলীর দপ্তর**
যশোর পওর বিভাগ
বাপাউবো, কারবালা রোড, যশোর।
ফোন : +৮৮০২৪৭৭৭৬১৪৩৭, মোবাইল : ০১৩১৮-২৩৫৭১৪
ই-মেইল : xenjessorebwdb@gmail.com

স্মারক নং-এপিএ/ তারিখ ঃ ২৫/০৭/২০২৩ খ্রিঃ।

## দ প্ত রা দে শ

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে ২০২৩-২৪ অর্থ বছরের জন্য নিম্ন স্বাক্ষরকারীকে সভাপতি করে যশোর পওর বিভাগ, বাপাউবো, যশোরের জন্য নৈতিকতা কমিটি পুনর্গঠন করা হলো।

| ক্র/নং | কর্মকর্তার পদবী | কর্মকর্তার কর্মস্থল | কমিটিতে অবস্থান |
|---|---|---|---|
| ০১ | নির্বাহী প্রকৌশলী | যশোর পওর বিভাগ বাপাউবো, যশোর | সভাপতি |
| ০২ | উপ-বিভাগীয় প্রকৌশলী | মনিরামপুর পওর উপ-বিভাগ বাপাউবো, যশোর। | সদস্য |
| ০৩ | উপ-বিভাগীয় প্রকৌশলী | কেশবপুর পওর উপ-বিভাগ বাপাউবো, যশোর। | সদস্য |
| ০৪ | প্রাক্কলনিক/উপ-সহকারী প্রকৌশলী | যশোর পওর বিভাগ বাপাউবো, যশোর। | সদস্য |
| ০৫ | উপ-সহকারী প্রকৌশলী/শাখা কর্মকর্তা | যশোর পওর শাখা যশোর পওর উপ-বিভাগ, বাপাউবো, যশোর | সদস্য |
| ০৬ | উপ-বিভাগীয় প্রকৌশলী | যশোর পওর উপ-বিভাগ বাপাউবো, যশোর। | সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা |

উল্লেখ্য যে, উপ-বিভাগীয় প্রকৌশলী, যশোর পওর উপ-বিভাগ কে ২০২৩-২৩ অর্থ বছরের জন্য ফোকাল পয়েন্ট কর্মকর্তা মনোনীত করা হলো এবং উল্লেখিত পদগুলোতে কর্মরত কর্মকর্তাগণ তাদের পদাধিকার বলে ২০২৩-২৪ অর্থ বছরের জন্য উক্ত কমিটির অন্তর্ভূক্ত হবেন।

(এ, কে, এম, মমিনুল ইসলাম)
আইডি নং-৮৯১২১২০০২
নির্বাহী প্রকৌশলী (পুর)

স্মারক নং -এপিএ/ ২২৮(৫) তারিখ ঃ ২৫/০৭/২০২৩ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো ঃ

১. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, যশোর পওর সার্কেল, বাপাউবো, খুলনা।
২. উপ-বিভাগীয় প্রকৌশলী, যশোর/মনিরামপুর/কেশবপুর উপ-বিভাগ, বাপাউবো, যশোর।
৩. প্রাক্কলনিক/উপ-সহকারী কর্মকর্তা, যশোর পওর বিভাগ, বাপাউবো, যশোর।
৪. উপ-সহকারী প্রকৌশলী/শাখা কর্মকর্তা, যশোর পওর শাখা, যশোর পওর উপ-বিভাগ, বাপাউবো, যশোর।
৫. অফিস কপি।

25.07.2023

(এ, কে, এম, মমিনুল ইসলাম)
আইডি নং-৮৯১২১২০০২
নির্বাহী প্রকৌশলী (পুর)
২৫/০৭/২৩

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

**Office of the Executive Engineer**
Jashore O&M Division
BWDB, Karbala Road, Jashore
Phn : +8802477761437, Mob : 01318-235714
E-mail : xenjessorebwdb@gmail.com

**নির্বাহী প্রকৌশলীর দপ্তর**
যশোর পওর বিভাগ
বাপাউবো, কারবালা রোড, যশোর।
ফোন : +৮৮০২৪৭৭৭৬১৪৩৭, মোবাইল : ০১৩১৮-২৩৫৭১৪
ই-মেইল : xenjessorebwdb@gmail.com

স্মারক নং-এপিএ/ তারিখ ঃ ১০/০৯/২০২৩ খ্রিঃ।

## সভার নোটিশ

২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় যশোর পওর বিভাগ, বাপাউবো, যশোরের **নৈতিকতা কমিটির** ১ম সভা আগামী ১৪/০৯/২০২৩ খ্রিঃ তারিখে সকাল ১১:০০ ঘটিকায় যশোর পওর বিভাগের নির্বাহী প্রকৌশলীর দাপ্তরিক কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় কমিটির সদস্যগণকে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হলো।

সভার আলোচ্যসূচিঃ

১. যশোর পওর বিভাগ এবং এর আওতাধীন উপ-বিভাগীয় প্রকৌশলীর দপ্তরসমূহে শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অর্জিত সাফল্য এবং অন্তরায় চিহ্নিতকরণ।
২. পরিলক্ষিত অন্তরায় দূরীকরণে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রনয়ণ।
৩. কর্মপরিকল্পনা বাস্তবায়নে দায়িত্ব কাদের উপর ন্যস্ত থাকবে তা নির্ধারণ।
৪. প্রতিটি উপ-বিভাগীয় দপ্তরের শুদ্ধাচার প্রতিষ্ঠায় গৃহিত কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও পরিবীক্ষণ।
৫. শুদ্ধাচার বাস্তবায়নের অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন ত্রৈমাসিক ভিত্তিতে অগ্রায়ণ দপ্তরে প্রেরণ।
৬. বিবিধ।

(এ, কে, এম, মমিনুল ইসলাম)
আইডি নং-৮৯১২১২০০২
নির্বাহী প্রকৌশলী (পুর)

স্মারক নং -এপিএ/ ৭৫৪(৫) তারিখ ঃ ১০/০৯/২০২৩ খ্রিঃ।
অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো ঃ

১. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, যশোর পওর সার্কেল, বাপাউবো, খুলনা।
২. উপ-বিভাগীয় প্রকৌশলী, যশোর/মনিরামপুর/কেশবপুর উপ-বিভাগ, বাপাউবো, যশোর।
৩. প্রাক্কলনিক/উপ-সহকারী কর্মকর্তা, যশোর পওর বিভাগ, বাপাউবো, যশোর।
৪. উপ-সহকারী প্রকৌশলী/শাখা কর্মকর্তা, যশোর পওর শাখা, যশোর পওর উপ-বিভাগ, বাপাউবো, যশোর।
৫. অফিস কপি।

10.09.2023

(এ, কে, এম, মমিনুল ইসলাম)
আইডি নং-৮৯১২১২০০২
নির্বাহী প্রকৌশলী (পুর)
১০/০৯/২৩

# যশোর পওর বিভাগ, বাপাউবো, যশোরের নৈতিকতা কমিটির সভার কার্যপত্র।

সভাপতি ঃ নির্বাহী প্রকৌশলী, যশোর পওর বিভাগ, বাপাউবো, যশোর।
তারিখ ঃ ১৪/০৯/২০২৩ ইং।
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।
স্থান ঃ নির্বাহী প্রকৌশলীর দপ্তর, যশোর পওর বিভাগ।

২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় যশোর পওর বিভাগ, বাপাউবো, যশোরের **নৈতিকতা কমিটির** ১ম সভা গত ১৪/০৯/২০২৩ খ্রিঃ তারিখে সকাল ১১:০০ ঘটিকায় যশোর পওর বিভাগের নির্বাহী প্রকৌশলীর দাপ্তরিক কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নৈতিকতা কমিটির সকল সদস্যগণ উপস্থিত ছিলেন। কমিটির সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট-'ক' (সংযুক্ত) তে সন্নিবেশিত হলো।

আলোচনার শুরুতে সভাপতি সভায় উপস্থিত থাকার জন্য সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতি বলেন ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় আমাদেরকে প্রত্যেক কোয়ার্টারে একটি করে সভা আয়োজন করতে হবে। যেহেতু বিগত অর্থ বছরে অনেক কর্মকর্তা বর্তমানে অত্র দপ্তরে কর্মরত নাই সেহেতু যশোর পওর বিভাগ, বাপাউবো, যশোরের জন্যে নৈতিকতা কমিটির পুনর্গঠন করার প্রয়োজন পরে। গত ২৫-০৭-২০২৩ খ্রিঃ তারিখে যশোর পওর বিভাগের জন্য নৈতিকতা কমিটি পুনর্গঠন করা হয় (কপি সংযুক্ত)। উক্ত পদে কর্মরত কর্মকর্তাগণই পদাধিকার বলে ২০২৩-২৪ অর্থ বছরের জন্যে কমিটির সদস্য হিসেবে বিবেচিত হবেন। সেক্ষেত্রে কোন কর্মকর্তা অর্থ বছরের যেকোন সময়ে বদলি হলে সেই পদ খালি থাকবে এবং খালি পদে নতুন কর্মকর্তা যোগদান করলে তাকে কমিটির স্বয়ংক্রিয় সদস্য হিসেবে বিবেচনা করা হবে। তবে যশোর পওর উপ-বিভাগে কর্মরত উপ-বিভাগীয় প্রকৌশলী চলতি অর্থ বছরের জন্য ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে কাজ করবেন। সে হিসেবে ২০২৩-২৪ অর্থ বছরের জন্যে নৈতিকতা কমিটির নতুন ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব জি. এম. রাইসুল ইসলাম, উপ-বিভাগীয় প্রকৌশলীকে তার স্বাগত বক্তব্য প্রদানের জন্য অনুরোধ জনান। জনাব জি. এম. রাইসুল ইসলাম সভাপতিসহ কমিটিতে উপস্থিত সকলকে ধন্যবাদ জানান। তিনি নৈতিকতা কমিটির ১ম সভার আলোচ্য বিষয় নিয়ে একটি সংক্ষিপ্ত আলোচনা করেন। তিনি বলেন বিগত অর্থ বছরের শুদ্ধাচার প্রতিষ্ঠায় ভুলভ্রান্তি না করে চলতি অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির শতভাগ লক্ষ্যমাত্র অর্জনের জন্যে অর্থ্যাৎ প্রতি কোয়ার্টারের কাজ প্রতি কোয়ার্টারের মধ্যে সম্পন্ন করার জন্যে কমিটির সদস্যসহ যশোর পওর বিভাগের সকলস্থরের কর্মকর্তা ও কর্মচারীদের সহযোগিতা কামনা করেন। তিনি বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সংস্কার এবং সুশাসন কার্যক্রম বাস্তবায়নে অর্থ্যাৎ সংযোজনী ৪ থেকে ৮ এর চলতি অর্থ বছরের যাবতীয় কার্যক্রমের একটি সংক্ষিপ্ত তালিকা সভাপতির নিকট পেশ করেন। তিনি বলেন সংক্ষিপ্ত তালিকার কার্যক্রম সময়মত বাস্তবায়ন করা এবং প্রতি কোয়ার্টারে অগ্রগতি প্রতিবেদন আমাদের উদ্ধর্তন দপ্তরে প্রেরণ করলে চুক্তির শতভাগ লক্ষ্যমাত্রা অর্জিত বলে আশা করা যায়।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভা শেষ করেন।

**সভায় গৃহিত সিদ্ধান্ত ঃ**

১. সাবাইকে সঠিক সময়ে কর্মস্থলে উপস্থিত হতে হবে
২. কর্ম পরিবেশ উন্নয়নে বিভাগীয় দপ্তর এবং উপ-বিভাগীয় প্রকৌশলী দপ্তরের সকল শাখার পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহিত হয়।

স্বা/-
**(এ, কে, এম, মমিনুল ইসলাম)**
নির্বাহী প্রকৌশলী (পুর)
যশোর পওর বিভাগ
বাপাউবো, যশোর।
ও
সভাপতি, নৈতিকতা কমিটির

স্মারক নং -এপিএ/ ৩৭৬(৫) তারিখ ঃ ১৪/০৯/২০২৩ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো ঃ

১. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, যশোর পওর সার্কেল, বাপাউবো, খুলনা।
২. উপ-বিভাগীয় প্রকৌশলী, যশোর/মনিরামপুর/কেশবপুর উপ-বিভাগ, বাপাউবো, যশোর।
৩. প্রাক্কলনিক/উপ-সহকারী কর্মকর্তা, যশোর পওর বিভাগ, বাপাউবো, যশোর।
৪. উপ-সহকারী প্রকৌশলী/শাখা কর্মকর্তা, যশোর পওর শাখা, যশোর পওর উপ-বিভাগ, বাপাউবো, যশোর।
৫. অফিস কপি।

14.09.2023

(এ, কে, এম, মমিনুল ইসলাম)
আইডি নং-৮৯১২১২০০২
নির্বাহী প্রকৌশলী (পুর)
১৪/৯/২৩